



ভোটের আগে অস্ত্র উদ্ধারের তৎপরতা বাড়ছে: স্বরাষ্ট্র উপদেষ্টা



সংগৃহীত ছবি

স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) জাহাঙ্গীর আলম চৌধুরী জানিয়েছেন, নির্বাচনের আগে দেশে অস্ত্র উদ্ধারের কার্যক্রম আরও জোরদার হবে। তিনি বলেন, “প্রতিনিয়ত অস্ত্র উদ্ধার করা হচ্ছে এবং এই অভিযান চলমান থাকবে।”

মঙ্গলবার (২৮ অক্টোবর) সকালে আনসার ও গ্রাম প্রতিরক্ষা ট্রাস্টের ট্রান্সপোর্ট সার্ভিসের উদ্বোধন অনুষ্ঠানে এই মন্তব্য করেন তিনি।

উপদেষ্টা জানান, নির্বাচনের সময় আনসার সদস্যরা সবচেয়ে বেশি নিয়োজিত থাকবেন। প্রতিটি ভোটকেন্দ্রে দায়িত্ব পালন করবেন ১৩ জন আনসার। এ ছাড়া এবার প্রথমবারের মতো প্রিজাইডিং অফিসারের নিরাপত্তা নিশ্চিত করতে একজন আনসার সরাসরি দায়িত্বে থাকবেন।

তিনি আশা প্রকাশ করেন, সুষ্ঠু ভোট নিশ্চিত করতে আনসার ব্যাটালিয়নের অবদান গুরুত্বপূর্ণ হবে।

LENS ASIA